

মার্চ ৪, ২০১৪

প্রিয় শিক্ষার্থী ও পরিবারবর্গ,

পার্কল্যান্ড, ফ্লোরিডার মার্জরি স্টোনম্যান ডগলাস হাই স্কুলে ১৪ ফেব্রুয়ারি সংঘটিত স্কুলে গোলাগুলির ঘটনা দেশব্যাপী কমুনিটিগুলোকে গভীরভাবে প্রভাবিত করেছে, এবং বহু তরুণ ব্যবস্থাগ্রহণের জন্য অনুপ্রাণিত বোধ করছে।

তরুণ সমাজ, আমাদের শহর ও আমাদের জাতীয় ইতিহাসে ন্যায় বিচারের জন্য নাগরিক আইন অমান্য এবং শান্তিপূর্ণ বিক্ষোভের মতো কার্যক্রমের মাধ্যমে বহু আন্দোলন ও সংগ্রামের পুরোভাগে রয়েছে। আমরা বুঝি যে আমাদের নিজেদের অনেক ছাত্রছাত্রী পার্কল্যান্ডের হৃদয়বিদারক ঘটনার প্রতিক্রিয়ায় অনুরূপভাবে নানা ধরনের আলোচনা ও প্রতিবাদে অংশগ্রহণের সিদ্ধান্ত নিতে পারেন।

আমাদের অবহিত করা হয়েছে যে কিছু সংখ্যক ছাত্রছাত্রী তাদের নাগরিক সংশ্লিষ্টতার অংশ হিসেবে বুধবার ১৪ মার্চ কথিত “#ENOUGH National School Walkout” কর্মসূচিতে অংশগ্রহণের পরিকল্পনা করছে। পার্কল্যান্ডের ১৭ জন নিহতকে শ্রদ্ধা জানানোর জন্য ওয়াকআউট কর্মসূচি ১৭ মিনিট স্থায়ী হবে।

যদিও আমরা শিক্ষার্থীদের নাগরিক সংশ্লিষ্টতায় অংশগ্রহণ ও ফার্স্ট অ্যামেন্ডমেন্ট অধিকার প্রয়োগকে সমর্থন করি, তারপরও আমাদের উপস্থিতির প্রক্রিয়াটি আপনাদের স্মরণ করিয়ে দিতে এবং শিক্ষার্থী ও কর্মীদের সুরক্ষা নিশ্চিতকরণে সহায়তা করার জন্য নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন যেসব বাড়তি পদক্ষেপ গ্রহণ করবে সেগুলো অবহিত করতে চাই।

এধরনের ওয়াকআউটে অংশগ্রহণ ব্যক্তিগত সিদ্ধান্ত এবং যা আমরা পরিবারবর্গকে নিজেদের মধ্যে আলোচনা করার জন্য উৎসাহিত করি। যারাই এই ওয়াকআউটে অংশগ্রহণ করবে তা নিরাপদ ও সম্মানজনকভাবে করা জরুরি। প্রতিটি স্কুলের কর্মীদের ওয়াকআউটের সময়ে সুরক্ষা ও শৃঙ্খলা নিশ্চিত করায় সহায়তা করতে বাইরে উপস্থিত থাকার দায়িত্ব দেওয়া হবে।

আপনার সন্তান যদি অংশগ্রহণের পরিকল্পনা করে থাকে, তাহলে স্কুলের নিয়মিত উপস্থিতির প্রটোকল অনুসরণ করে আপনার স্কুলকে অবহিত করুন। মিডল ও হাই স্কুলের শিক্ষার্থীদের জন্য ১৭ মিনিট বাইরে থেকে স্কুলে ফিরে আসা ক্লাস কামাই হিসেবে বিবেচিত হবে, অনুপস্থিতি হিসেবে নয়। ছাত্রছাত্রীরা ছাত্রছাত্রীদের উপস্থিতির রেকর্ডে একটি মন্তব্য এবং একজন প্রশাসকের সঙ্গে কথা বলার বাইরে অন্য কোনও পরিণামের মুখোমুখি হবে না। দয়া করে মনে রাখবেন যে নিয়মিত ক্লাস সূচি যথারীতি বহাল থাকবে।

যদি মিডল ও হাই স্কুলের ছাত্রছাত্রীরা ১৭ মিনিটের পর অন্য অনুষ্ঠানে যোগ দেওয়ার পরিকল্পনা করে তাহলে কামাইকৃত ক্লাসগুলোয় তারা অনুপস্থিত বিবেচিত হবে। পিতামাতা বা অভিভাবকের অনুমতিক্রমে এটি মঞ্জুরকৃত অনুপস্থিতি বলে গণ্য হবে। পিতামাতা বা অভিভাবকের অনুমতি না থাকলে এটি নামঞ্জুর অনুপস্থিতি বলে গণ্য হবে। আপনার যদি আপনার স্কুলের উপস্থিতির নিয়মনীতির ব্যাপারে কোনও প্রশ্ন থাকে, তাহলে দয়া করে আপনার স্কুলের মেইন অফিসে কল করুন।

এলেমেন্টারি স্কুলের ছাত্রছাত্রীরা ওয়াকআউটে অংশগ্রহণ করতে চাইলে পিতামাতা বা অভিভাবককে স্বাক্ষর করে তাদের বাইরে নিয়ে যেতে হবে। সুরক্ষার জন্য নার্স বা প্যারাপ্রফেশনাল আবশ্যিক হয় এমন সব বয়সের শিক্ষার্থীদের বেলায়, ওয়াকআউটে অংশগ্রহণ করতে হলে তাদের সঙ্গে অবশ্যই একজন সম্মত পিতামাতা বা যোগ্যতাসম্পন্ন কর্মীর উপস্থিতি থাকতে থাকতে হবে। যদি একজন পিতামাতা বা যোগ্যতাসম্পন্ন কর্মী ওয়াকআউটে অংশ নিতে এবং ছাত্রছাত্রীকে সঙ্গে দিতে ইচ্ছুক না হন, তাহলে শিক্ষার্থীকে অবশ্যই স্কুলের ভেতরে থাকতে হবে। স্কুলকে সকল সময়ে প্রত্যেক শিক্ষার্থীর ব্যক্তিক চাহিদা বিবেচনায় নেওয়া নিশ্চিত ও সুরাহা করতে হবে।

আমরা জানি তরুণ সমাজ পার্থক্য করতে ও গড়তে পারে, এবং বহু স্কুল কর্মী প্রাসঙ্গিক পদক্ষেপ ও নাগরিক সংশ্লিষ্টতাসহ এই অনুষ্ঠান সম্পর্কে ছাত্রছাত্রীদের ব্যক্তিগত মতামত জানতে তাদের ক্লাসরুমে এবং স্কুল কমিউনিটিগুলোয় কথা বলবেন। সকল উদ্যোগে আমাদের সবার জন্য নাগরিক শিক্ষার অংশ হিসেবে আমরা আমাদের শিক্ষকদের সমকালীন ঘটনাবলি সম্পর্কে ছাত্রছাত্রীদের জন্য আরও গভীর ও বহুমাত্রিক দৃষ্টিকোণ থেকে সশ্রদ্ধ আলোচনার ব্যবস্থা করতে উৎসাহিত করি। নাগরিক সংশ্লিষ্টতা সম্পর্কিত রিসোর্স তালিকা এবং অন্যান্য তথ্যের জন্য দয়া করে দেখুন <http://schools.nyc.gov/safety>.

স্কুলগুলোকে অবশ্যই সকল ছাত্রছাত্রীর জন্য নিরাপদ, আন্তরিক ও সর্বজনীন শিক্ষা পরিবেশন গড়ে তুলতে হবে, এবং আমরা প্রাণঘাতী সহিংসামুক্ত পরিবেশে ছাত্রছাত্রীদের লেখাপড়ার জন্য আমাদের স্কুলগুলোকে নিরাপদ ও শিষ্ট স্থান করে তুলতে সহায়তা করায় নিউ ইয়র্ক সিটি স্কুলগুলোর সকল ছাত্রছাত্রী ও কর্মীর প্রশংসা করি।

আপনার সহযোগিতার জন্য ধন্যবাদ।

কার্মেন ফারিনিয়া
স্কুলস চ্যান্সেলর